

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৯৯

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৬৭. কোন ব্যক্তি কারো গবাদি পশু বা ফলের বাগান অতিক্রম করাকালে তা থেকে কিছু (দুধ বা ফল) নিতে পারবে কিনা?

بَابِ مَنْ مَرَّ عَلَىٰ مَا شِئْتَ قَوْمٌ أُوْ حَائِطٍ هَلْ يُصِيبُ مِنْهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَاحِ، وَيَعْقُوبُ بْنُ حُمَيْدٍ بْنُ كَاسِبٍ، قَالَ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، قَالَ سَمِعْتُ ابْنَ أَبِي الْحَكْمِ الْغِفارِيَّ، قَالَ حَدَّثْنِي جَدِّي، عَنْ عَمٍّ، أَبِيهَا رَافِعِ بْنِ عَمْرٍو الْغِفارِيِّ قَالَ كُنْتُ وَأَنَا غُلَامٌ، أَرْمَيْ نَخْلَنَا - أُوْ قَالَ نَخْلَ الْأَنْصَارِ - فَأُتْبِي بِي النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ "يَا غُلَامُ - وَقَالَ ابْنُ كَاسِبٍ فَقَالَ يَا بُنَيَّ - لِمَ تَرْمِي النَّخْلَ" . قَالَ قُلْتُ آكُلُ . قَالَ "فَلَا تَرْمِي النَّخْلَ وَكُلْ مِمَّا يَسْقُطُ فِي أَسَافِلِهَا" . قَالَ ثُمَّ مَسَحَ رَأْسِي وَقَالَ "اللَّهُمَّ أَشْبِعْ بَطْنَهُ" .

বাংলা

২/২২৯৯। 'রাফে' ইবনে 'আমর আল-গিফারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বালক বয়সে আমাদের খেজুর বাগানে অথবা এক আনসার ব্যক্তির খেজুর বাগানে তিল মেরেছিলাম। তিনি আমাকে নবী সান্নান্নাহু আলাইহি ওয়াসান্নাম এর নিকট নিয়ে আসেন। তিনি আমাকে বলেনঃ হে বালক বা হে বৎস! তুমি খেজুর গাছে তিল ছুঁড়েছিলে কেন? 'রাফে' (রাঃ) বলেন, আমি বললাম, খেজুর খাওয়ার জন্য। তিনি বলেনঃ তুমি আর কখনো খেজুর গাছে তিল মের না, গাছের নিচে যা পড়ে থাকে তা খাও। 'রাফে' (রাঃ) বলেন, অতঃপর তিনি আমার মাথায় হাত বুলিয়ে দোয়া করেনঃ হে আল্লাহ! তুমি তার পেটের ক্ষুধা দূর করে দাও।

English

It was narrated that Rafi' bin 'Amr Al-Ghfari said:
 "When I was a boy, I used to throw stones at our date-palm trees"^[1] - or he said: "the date-palm trees of the Ansar." I was brought to the Prophet (صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) and he said: 'O boy' - (one of the narrators) Ibn Kasib said: He said: 'O my son - why are you throwing stones at the date-palm trees?' I said: 'So I can

eat.' He said: 'Do not throw stones at the date-palm trees. Eat from what falls to the ground from them.' Then he patted me on the head and said: 'O Allah give him enough to eat.'"

ফুটনোট

তিরমিয়ী ১২৮৮, আবু দাউদ ২৬২২, আল-হাকিম ফিল-মুসতাদরাক ৩/৮৮৮, বাযহাকী ফিস সুনান ১/১৯৪,
দারাকুতনী ১/৬৯, যইফ আবু দাউদ ৪৫৩।

তাহকীক আলবানীঃ যইফ। ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব সম্পর্কে আবু জাফার আল-উকায়লী বলেন, তার
হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-
আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০৮৬,
৩২/৩১৮ নং পৃষ্ঠা) ২. ইবনু আবুল হাকাম আল-গিফারী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার
অবস্থা সম্পর্কে অজ্ঞাত।

হাদিসের মান: যঙ্গিফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ রাফি' ইবনু 'আমর আল গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42915>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন